# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের (RFQ) দলিল

## For Procurement of Service

(Request for Quotation Method)

ISO 9001:2015 Certified

### ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ।

দরপত্র নং-০১/২০২৫-২০২৬

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর "ডাবল কেবিন পিকআপ গাড়ি ও মোটর সাইকেলসমূহের বীমা করনের জন্য" কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (RFQ)।

---

### ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ।

মুক্তাগাছা, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ তাং.

# ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ।

ISO 9001:2015 Certified

E-mail: gmmpbs1@gmail.com, Web: www. pbs1.mymensingh.gov.bd

স্মারক নং-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০৩৮.২০২৫. ১৭২

তারিখ— ৩০ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ / ১৪/০৭/২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ- **"ডাবল কেবিন পিকআপ গাড়ি ও মোটর সাইকেলসমূহের বীমা করনের" জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (RFQ)।**

প্রতি,

.................................

১. ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিজস্ব তহবিলের আওতায় "ডাবল কেবিন পিকআপ গাড়ি ও মোটর সাইকেলসমূহের বীমা করনের" জন্য প্রকৃত বীমাকারী প্রতিষ্ঠান/কোটেশনদাতা প্রতিষ্ঠানের নিকট হতে (সকল ধরনের রিস্ক কভারসহ) সীলমহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

২. বীমা করনে ইচ্ছুক সকল বীমাকারী প্রতিস্ঠান/কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদ সঙ্গে সংযুক্ত "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট www.pbs1.mymensingh.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষ্যে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে **জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা, ময়মনসিংহ এর সদর দপ্তরে** রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কোন দরপত্র গ্রহণ করা হবে না।

৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খাম আগামী ২১/০৭/২০২৫খ্রিঃ তারিখ এবং সময় ১১:০০ ঘটিকার মধ্যে কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে যানবাহনের বীমা করনের লক্ষ্যে আগামী ২০/০৭/২০২৫খ্রিঃ তারিখ এবং সময় বেলা ১১:০৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত দরপত্র সমূহ ২১/০৭/২০২৫খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েব সাইট www.pbs1.mymensingh.gov.bd এ দেখা যাবে।

৮. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

০৯. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক সন্তোষজনকভাবে বীমা কার্যাদি সম্পন্ন করার পর বিল দাখিল সাপেক্ষ্যে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১০. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১১. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ **প্রয়োজনীয় কাগজপত্র/ ডকুমেন্ট দাখিল করতে হবে।** এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১২. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৩. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৪. কার্যাদেশ জারীর তারিখ থেকে ০৩(তিন) দিনের মধ্যে বীমা সম্পন্ন করতে হবে।

১৫. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৬. ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৭. Bangladesh Motor Tariff Rule অনুযায়ী দর দাখিল করতে হবে অর্থাৎ বর্ণিত যানবাহন সমুহের Private Use বিবেচনায় Premium প্রদানের ক্ষেত্রে Basic, FIV, NCB, Liability Premium ইত্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বীমার মেয়াদ হবে ০১(এক) বছর।

১৮. সফল দরদাতা প্রতিষ্ঠান কার্যাদেশ প্রাপ্ত হলে বর্ণিত বীমার বিপরীতে Schedule of Policy প্রদান করতে হবে।

১৯. কার্যাদেশ প্রাপ্তির সর্বোচ্চ ০৩ (তিন) দিনের মধ্যে বীমা করণের কাজ সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্তি করণসহ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০. সন্তোষজনক ভাবে বিল উপস্থাপন সাপেক্ষে প্রযোজ্য সরকারী কর ও ভ্যাট কর্তন পূর্বক আপনার হিসাব খাতে প্রাপ্য চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

২১. বাংলাদেশ Motor Tariff Rule অনুযায়ী প্রস্তাব প্রদান করতে হবে। বীমা করনের ক্ষেত্রে (First Party Comprehensive) বীমা সমস্ত রিস্ক কভার করতে হবে। সকল ধরনের রিস্ক কভার সহ (রিস্ক কভারসমূহের নাম উল্লেখ পূর্বক) দরদাখিল করতে হবে। অন্যথায় দরপত্রে সকল ধরনের রিস্ক কভারসহ দর দাখিল না করলে দরপত্র নন রেসপনসিভ বলে বিবেচিত হবে।

১৪/৭/২৫
(প্রকৌ. মোহাম্মদ জোনাব আলী)
জেনারেল ম্যানেজার

<u>অনুলিপিঃ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য আপনার দপ্তরের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।</u>

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৩। জেলা প্রশাসক,ময়মনসিংহ।
০৪। পুলিশ সুপার,ময়মনসিংহ।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----------------পবিস-১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ময়মনসিংহ (দঃ) ।
০৭। ডিজিএম, (সদর-কারিগরী/মধুপুর/ফুলবাড়ীয়া/গোপালপুর/ঘাটাইল/ধনবাড়ী জোনাল অফিস), মপবিস-১
০৮। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/সঃ সেবা/ইএন্ডসি/এইচআর/ওএন্ডএম/আইটি,কালীবাড়ী/আছিম সাঃজোঃঅঃ), মপবিস-১
০৯। মেসার্স............................................।
১০। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১) : ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১১। নোটিশ বোর্ড, মপবিস-১/ওয়েবসাইট Web: www.pbs1.mymensingh.gov.bd
১২। অফিস/মাষ্টার কপি।

১৪/৭/২৫
(প্রকৌ. মোহাম্মদ জোনাব আলী)
জেনারেল ম্যানেজার

G:\Monti\RFQ\যানবাহন -RFQ (1)১.docx

কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নম্বর:-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০৩৮.২০২৫. ৩৭২ তারিখ: ১৪/০৭/২০২৫ খ্রিঃ।

প্রতি,

জেনারেল ম্যানেজার

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ।

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে **"ডাবল কেবিন পিকআপ গাড়ি ও মোটর সাইকেলসমূহের বীমা করনের"** জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা ---------------------------কথায়ঃ-------------------------------

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ১৪/০৭/২০২৫খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর

তারিখ

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ মুক্তাগাছা, ময়মনসিংহ

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল

স্মারক নম্বর:-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০৩৮.২০২৫. ১৭২ তারিখ:১৪/০৭/২০২৫ খ্রিঃ।

| ক্রঃ নং | যানবাহনের ধরন | যানবাহনের রেজিস্ট্রেশন/ইঞ্জিন ও চেসিস নম্বর | ক্রয়ের তারিখ | গাড়ির মূল্য | উদ্ধৃত মোট প্রিমিয়াম (টাকা) | ভ্যাটসহ প্রিমিয়াম | বীমার প্রকৃতি |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ০১ | ডাবল কেবিন পিকআপ | ময়মনসিংহ-ঠ-১১-০১৫৩ | ৩১/০৫/২০২১ খ্রিঃ | ২৫,২৫,০০০.০০ | | | কমপ্রিহেনসিভ বীমা First party (All Risk like as Fire, Theaft, flood, cyclone and RSD) |
| ০২ | | ময়মনসিংহ-ঠ-১১-০০৯৩ | ৩১/০৫/২০১৫ খ্রিঃ | ৪৫,৬০,০০০.০০ | | | |
| ০৩ | মোটর সাইকেল | ময়মনসিংহ-হ-১৫-৩৩৬০ | ৩০/০৬/২০২০ খ্রিঃ | ১,৩৮,৯০০.০০ | | | |
| ০৪ | | ময়মনসিংহ-হ-১৫-৩৩৬১ | ৩০/০৬/২০২০ খ্রিঃ | ১,৩৮,৯০০.০০ | | | |
| ০৫ | | ময়মনসিংহ-হ-১৫-৩৩৬২ | ৩০/০৬/২০২০ খ্রিঃ | ১,৩৮,৯০০.০০ | | | |
| ০৬ | | ময়মনসিংহ-হ-১৫-৮৩০৩ | ৩১/০৮/২০২১ খ্রিঃ | ১,৩৮,৯০০.০০ | | | |
| ০৭ | | ময়মনসিংহ-হ-১৫-৮৩০৪ | ১০/০১/২০২২ খ্রিঃ | ১,৩৮,৯০০.০০ | | | |
| ০৮ | | ময়মনসিংহ-হ-১৫-৮৩০৫ | ১০/০১/২০২২ খ্রিঃ | ১,৩৮,৯০০.০০ | | | |
| ০৯ | | CH. PSOJC9970RH034968 Eng. JC99E-1035012 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১০ | | CH. PSOJC9970RH034990 Eng. JC99E-1035015 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১১ | | CH. PSOJC9970RH035013 Eng. JC99E-1034983 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১২ | | CH. PSOJC9970RH034958 Eng. JC99E-1034997 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১৩ | | CH. PSOJC9970RH035017 Eng. JC99E-1034956 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১৪ | | CH. PSOJC9970RH034988 Eng. JC99E-1035009 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১৫ | | CH. PSOJC9970RH034973 Eng. JC99E-1034977 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১৬ | | CH. PSOJC9970RH035000 Eng. JC99E-1035001 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১৭ | | CH. PSOJC9970RH034987 Eng. JC99E-1035013 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১৮ | | CH. PSOJC9970RH034996 Eng. JC99E-1035007 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১৯ | | CH. PSOJC9970RH035010 Eng. JC99E-1034974 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| **সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য** | | | | অংকে | | | |
| **(ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন)** | | | | কথায় | | | |

| | | |
|---|---|---|
| ঠিকানা | | ময়মসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ ,মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| মোট মূল্য টাকায় (কথায়) | | উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য------------------------------ ------------------------------ |
| প্রস্তাবিত সরবরাহ | | ০৩(তিন) দিনের মধ্যে ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) | | প্রয়োজ্য নয়। |

G:\Monti\RFQ\যানবাহন -RFQ (1)১.docx

আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফশীলের -----------------টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হয়েছে।আমি/আমাদের প্রস্তাব -------/------/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশন দাতার নাম | |

**টীকা:**

১। কলাম ১, ২, ৩, ৪, ৫ ও ৮ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬ ও ৭ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহেরপরিবহন খরচ ,ফী ,শুল্ক ,সবধরনের কর , ওভারহেড খরচ , ইত্যাদিসহ মুনাফা বীমা খরচ ,লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১
মুক্তাগাছা, ময়মনসিংহ

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রঃ নং | যানবাহনের ধরন | যানবাহনের রেজিস্ট্রেশন/ইঞ্জিন ও চেসিস নম্বর | ক্রয়ের তারিখ | গাড়ির মূল্য | উদ্ধৃত মোট প্রিমিয়াম (টাকা) | ভ্যাটসহ প্রিমিয়াম | বীমার প্রকৃতি |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ০১ | ডাবল কেবিন পিকআপ | ময়মনসিংহ-ঠ-১১-০১৫৩ | ৩১/০৫/২০২১ খ্রিঃ | ২৫,২৫,০০০.০০ | | | কমপ্রিহেনসিভ বীমা First party (All Risk like as Fire, Theaft, flood, cyclone and RSD) |
| ০২ | | ময়মনসিংহ-ঠ-১১-০০৯৩ | ৩১/০৫/২০১৫ খ্রিঃ | ৪৫,৬০,০০০.০০ | | | |
| ০৩ | মোটর সাইকেল | ময়মনসিংহ-হ-১৫-৩৩৬০ | ৩০/০৬/২০২০ খ্রিঃ | ১,৩৮,৯০০.০০ | | | |
| ০৪ | | ময়মনসিংহ-হ-১৫-৩৩৬১ | ৩০/০৬/২০২০ খ্রিঃ | ১,৩৮,৯০০.০০ | | | |
| ০৫ | | ময়মনসিংহ-হ-১৫-৩৩৬২ | ৩০/০৬/২০২০ খ্রিঃ | ১,৩৮,৯০০.০০ | | | |
| ০৬ | | ময়মনসিংহ-হ-১৫-৮৩০৩ | ৩১/০৮/২০২১ খ্রিঃ | ১,৩৮,৯০০.০০ | | | |
| ০৭ | | ময়মনসিংহ-হ-১৫-৮৩০৪ | ১০/০১/২০২২ খ্রিঃ | ১,৩৮,৯০০.০০ | | | |
| ০৮ | | ময়মনসিংহ-হ-১৫-৮৩০৫ | ১০/০১/২০২২ খ্রিঃ | ১,৩৮,৯০০.০০ | | | |
| ০৯ | | CH. PSOJC9970RH034968<br>Eng. JC99E-1035012 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১০ | | CH. PSOJC9970RH034990<br>Eng. JC99E-1035015 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১১ | | CH. PSOJC9970RH035013<br>Eng. JC99E-1034983 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১২ | | CH. PSOJC9970RH034958<br>Eng. JC99E-1034997 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১৩ | | CH. PSOJC9970RH035017<br>Eng. JC99E-1034956 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১৪ | | CH. PSOJC9970RH034988<br>Eng. JC99E-1035009 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১৫ | | CH. PSOJC9970RH034973<br>Eng. JC99E-1034977 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১৬ | | CH. PSOJC9970RH035000<br>Eng. JC99E-1035001 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১৭ | | CH. PSOJC9970RH034987<br>Eng. JC99E-1035013 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১৮ | | CH. PSOJC9970RH034996<br>Eng. JC99E-1035007 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| ১৯ | | CH. PSOJC9970RH035010<br>Eng. JC99E-1034974 | ১০/০৭/২০২৫খ্রিঃ | ১,৭৮,০০০.০০ | | | |
| **সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন)** | | | | | | অংকে | |
| | | | | | | কথায় | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশন দাতার নাম | |

টীকাঃ

১. কলাম ১, ২, ৩, ৪, ৫ ও ৮ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬ ও ৭ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারী প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগীতামূলক দর প্রদানের জন্য এক সেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগীতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একই সঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরী দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অর্ন্তভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবিশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরণ/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

## ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ

**বিষয়ঃ <u>"ডাবল কেবিন পিকআপ গাড়ি ও মোটর সাইকেলসমূহের বীমা করনের" জন্য কার্যাদেশ।</u>**

ক্রয় আদেশ ------------------------------------------------------------------------ **তারিখ**-----------------------খ্রিঃ

| | |
|---|---|
| **কোটেশন নম্বর:**<br>স্মারকনম্বর:২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০৩৮.২০২৫ .৯৭২ | **তারিখ** : ১৪/০৭/২০২৫খ্রিঃ |
| **প্রতি:**<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা] | |
| **সরবরাহের তারিখ: সেবা সম্পাদনের তারিখ উল্লেখ করুন** | **ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা [ চুক্তি মূল্য উল্লেখ করুন]** |
| **সরবরাহ : শর্তানুযায়ী** | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ২১/০৭/২০২৫খ্রিঃ তারিখের দাখিলকৃত কোটেশনের দর ১ম সর্বনিম্ন হওয়ায়, দরপত্র মূল্যায়ন কমিটির নিকট বিবেচিত হওয়ায় নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষ্যে "ডাবল কেবিন পিকআপ গাড়ি ও মোটর সাইকেলের বীমা করনের" নিমিত্তে ---------------------টাকার কথায়--------------------------------------------------- কার্যাদেশ প্রদান করা হল। উল্লিখিত ''মোটর সাইকেলের বীমা করনের" সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্তকরুন।<br>আবশ্যকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের <u>(সবিস্তার বিবরণী)</u> সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক

G:\Monti\RFQ\যানবাহন -RFQ (1)১.docx

পণ্যের সরবরাহ ও মূল্যপরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণতপাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ০৩ (তিন) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলেসরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স,শুল্ক, ফিএবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা **অংকে**-------------------------------**কথায়**-----------------------------------------------।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ **[মাস উল্লেখ করুন; প্রযোজ্য না হলে 'নেই' উল্লেখ করুন]**।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উথাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতরসরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তিসম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্য<br><br>জেনারেল ম্যানেজার<br>ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ | তারিখ |

G:\Monti\RFQ\যানবাহন -RFQ (1)১.docx